



ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ



শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি

Title: Dissemination Seminar of a Joint Research Project on COVID-19 by Dhaka WASA and icddr,b

পটভূমি: COVID-19 মহামারী চলাকালীন (২০২০-২০২১) জনস্বাস্থ্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ ছিল এবং লোকেরা সে সময়ে হতাশ হয়ে পড়ছিল। পানি /বর্জ্য পানি কোভিড-১৯ ভাইরাস বহনের জন্য দায়ী কি না, তা নিয়ে গোটা বিশ্বে ভিন্ন ভিন্ন মত দেখা যাচ্ছিল। DWASA দক্ষিণ এশিয়ার একটি অন্যতম বড় পানি সরবরাহ কারী প্রতিষ্ঠান হিসাবে সে সময়ে COVID-19 মারাত্মক সংক্রমিত ভাইরাস যা বিশ্ব মানবতাকে ব্যাহত করে তার সম্ভাব্য উৎস অনুসন্ধানের জন্য icddr,b এবং Dhaka WASA যৌথ ভাবে একটি গবেষণা কাজের উদ্যোগ নেয়। ঢাকা ওয়াসার বিভিন্ন ল্যাবরেটরী তথা কেন্দ্রীয় ল্যাবরেটরী-তে পানির গুণাগুণ পরীক্ষার উন্নত ব্যবস্থা বিদ্যমান। কিন্তু COVID-19 পরীক্ষার ব্যবস্থা নাই এবং COVID-19 পরীক্ষার জন্য বিশেষায়িত ল্যাবরেটরী প্রয়োজন। icddr,b ল্যাবরেটরীতে COVID-19 পরীক্ষার আধুনিক ব্যবস্থা রয়েছে বিধায় ঢাকা ওয়াসা icddr,b-র সাথে যৌথ ভাবে পয়ঃ ও পানিতে করোনা ভাইরাস (COVID-19) নির্ণয়ের লক্ষ্যে ২০২০-২০২১ সালে ৬ মাস ব্যাপি "Survey of sewage and other contaminated surface water and treated water sources for the presence of SARS-Cov-2 in and around Dhaka city" শীর্ষক গবেষণা কাজ সম্পন্ন করে।

উক্ত গবেষণা কাজটি পরিচালনা করেন ড. সিরাজুল ইসলাম, এমিরেটাস সাইন্টিস্ট, icddr,b. এবং সার্বিক সহায়তায় ঢাকা ওয়াসা।

গবেষণা এলাকাঃ

১। Dhaka WASA-এর পাগলা স্যুরেজ ট্রিটমেন্ট প্লান্ট, নারিন্দা, বাসাবো পয়ঃ পাম্পিং স্টেশন ইত্যাদি।

২। নদী, পুকুর সহ ঢাকা শহরের ভূপৃষ্ঠের পানির নমুনা।

পুকুর-০৩ [ইনস্টিটিউট অফ পাবলিক হেলথ (আইপিএইচ) পুকুর, মিরপুর মাজার পুকুর এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হল পুকুর (নিয়ন্ত্রণ হিসাবে),

নদী-০২ (বুড়িগঙ্গা, আব্দুল্লালপুরের তুরাগ)]

গবেষণার সময়ঃ গবেষণা কাজটি ১লা আগস্ট, ২০২০ থেকে শুরু হয়েছিল এবং ৩১শে জানুয়ারী, ২০২১ পর্যন্ত অব্যাহত ছিল।

ফলাফলঃ

১. COVID-19 অপরিশোধিত পয়ঃ পানি/স্যুরেজ-এ পাওয়া গেছে কিন্তু Dhaka WASA-এর Pagla Sewage Treatment Plant (PSTP) -র পরিশোধিত পয়ঃ পানিতে কোথাও পাওয়া যায়নি।

২. ঢাকা শহরের পুকুর ও নদী থেকে সংগৃহীত নমুনা পানিতে COVID-19 ভাইরাস পাওয়া যায়নি।

উপসংহারঃ গবেষণার ফলাফলে দেখা যায়, PSTP দক্ষতার সাথে অপরিশোধিত পয়ঃ পানিকে সঠিক ভাবে শোধন করায় পরিশোধিত পয়ঃ পানিতে COVID-19 পাওয়া যায়নি। ঢাকা শহরের ভূপৃষ্ঠের জলাশয় এবং Dhaka WASA-এর PSTP পরিশোধিত পয়ঃ পানি কোভিড-১৯ ভাইরাস সংক্রমণের জন্য হুমকি নয়।